অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/24/2023 **গভর্নর ক্যাথি হোকল**

নির্মল হাইড্রোজেন নিয়ে গবেষণা, উন্নয়ন ও প্রদর্শনমূলক প্রকল্পগুলোতে উদ্ভাবনের অগ্রগতির জন্য 10 মিলিয়ন ডলার বরাদ্দ দেওয়া সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

ফেডারেল নির্মল হাইড্রোজেন তহবিল থেকে অনুদানপ্রাপ্তির সুযোগের জন্য সক্রিয়ভাবে আবেদন করা নিউ ইয়র্ক ভিত্তিক সত্ত্বাগুলোর দ্বারা প্রস্তাবিত বিদ্যুতায়ন করা কঠিন এমন খাতগুলোতে প্রকল্পের অর্থায়নের জন্য সলিসিটেশন উন্মুক্ত রয়েছে

2050 সালের মধ্যে নির্গমন 85 শতাংশ কমিয়ে আনা এবং 2040 সালের মধ্যে 100 শতাংশ শূন্য-নির্গমন সম্পন্ন বিদ্যুৎ অর্জন করার জন্য জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের লক্ষ্যগুলোকে সমর্থন করে

গভর্নর ক্যাথি হোকল আজ নির্মল হাইড্রোজেন নিয়ে গবেষণা, উন্নয়ন ও প্রদর্শনের উদ্ভাবনমূলক প্রকল্পগুলোর অগ্রগতির জন্য 10 মিলিয়ন ডলার বরাদ্দ দেওয়ার ঘোষণা দিয়েছেন, যেসব প্রকল্প বিদ্যুতায়ন করা কঠিন এমন খাতগুলোতে জীবাশ্ম জ্বালানির ব্যবহার প্রতিস্থাপন করার চ্যালেঞ্জ মোকাবেলায় কাজ করছে। নিউ ইয়র্ক ভিত্তিক সত্ত্বাগুলোর মধ্যে যারা ফেডারেল নির্মল হাইড্রোজেন তহবিল থেকে অনুদানপ্রাপ্তির সুযোগের জন্যও সক্রিয়ভাবে আবেদন করছেন, তাদের দ্বারা প্রস্তাবিত প্রকল্পগুলোর অর্থায়নের জন্য এই সলিসিটেশন উন্মুক্ত করা হয়েছে। আজকের ঘোষণা 2050 সালের মধ্যে নির্গমন 85 শতাংশ কমিয়ে আনা এবং 2040 সালের মধ্যে 100 শতাংশ শূন্য-নির্গমন সম্পন্ন বিদ্যুৎ উৎপাদনের দিকে উত্তরণের জন্য জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের লক্ষ্যগুলো সমর্থন করে।

"নির্মল হাইড্রোজেনের জন্য বিনিয়োগ করা অর্থনীতিব্যাপী নির্মল জ্বালানির দিকে উত্তরণের জন্য সব প্রযুক্তি ও পথ কাজে লাগানোর ব্যাপারে নিউ ইয়র্কের অঙ্গীকারাবদ্ধতার সবচেয়ে সাম্প্রতিক উদাহরণ," **বলেছেন গভর্নর হোকল।** "স্টেটের শীর্ষস্থানীয় উদ্ভাবক ও সমস্যা সমাধানকারীদের সঙ্গে অংশীদারিত্বের মাধ্যমে, আমরা বিদ্যুতায়ন করা কঠিন এমন খাতগুলোর উত্তরণের জন্যেও সাহসী পদক্ষেপ গ্রহণ করছি, যা সব নিউ ইয়র্কবাসীর জন্য একটি স্বাস্থ্যকর ও টেকসই ভবিষ্যত নিশ্চিত করতে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষ (Energy Research and Development Authority, NYSERDA) কর্তৃক পরিচালিত নতুন এই উদ্যোগ নিউ ইয়র্ক স্টেটের নির্মল হাইড্রোজেন বাস্তুসংস্থানের সামগ্রিক অগ্রগতির সঙ্গে সঙ্গতি রক্ষা করে কার্যক্রম পরিচালনা

করবে, যার মধ্যে উত্তরপূর্ব অঞ্চলের নির্মল হাইড্রোজেন হাব (Northeast Regional Clean Hydrogen Hub, NE Hub) প্রচেষ্টা অন্তর্ভুক্ত রয়েছে। যদিও NE হাব-এর কাজ হলো অধিকতর বিস্তৃত উত্তরপূর্ব অঞ্চল জুড়ে নির্মল হাইড্রোজেন মোতায়েনের প্রতি জোর দেওয়া, আজ ঘোষণা করা এই উদ্যোগ সুনির্দিষ্টভাবে নিউ ইয়র্কে একটি নির্মল হাইড্রোজেন অর্থনীতির অগ্রগতির জন্য সবচেয়ে বেশি প্রাসঙ্গিক ও গুরুত্বপূর্ণ RD&D প্রচেষ্টাগুলোতে অর্থায়ন করবে এবং জলবায়ু আইনের লক্ষ্যসমূহ অর্জনে সহায়তা করবে। নির্মল হাইড্রোজেনের উদীয়মান গবেষণা, উন্নয়ন ও প্রদর্শনের চারটি প্রযুক্তিগত চ্যালেঞ্জ এরিয়ার অধীনে একক সত্তা বা টিম হিসেবে আবেদনকারীরা তহবিল পাওয়ার জন্য প্রতিযোগিতায় অংশ নিতে পারবে, যার মধ্যে রয়েছে:

- শিল্প প্রক্রিয়ায় তাপ উৎপন্ন করাকে ডিকার্বনাইজ করার জন্য হাইড্রোজেনের প্রয়োগ;
- নির্মল হাইড্রোজেন উৎপাদন এবং নবায়নযোগ্য শক্তি যেমন সৌর ও উপকূলীয় বায়ুশক্তির সঙ্গে একীভূতকরণ;
- হাইড্রোজেন দহনের ক্ষেত্রে নাইট্রোজেন অক্সাইড (NOx) প্রশমন; এবং
- হাইড্রোজেন সংরক্ষণের প্রযুক্তি, যার মধ্যে বাল্ক স্টোরেজ এবং সীমিত ফুটপ্রিন্টযুক্ত এলাকাগুলোতে সংরক্ষণ অন্তর্ভুক্ত রয়েছে।

সফলভাবে অনুদানপ্রাপ্ত হওয়া ফেডারেল তহবিল সংগ্রহ করার উপর নির্ভর করবে।. 28 জুন, 2023 তারিখ বিকাল 3টা পর্যন্ত এই নতুন উদ্যোগের জন্য আবেদন গ্রহণ করা হবে। NYSERDA প্রস্তাবের ডকুমেন্টের সঙ্গে প্রস্তাবকদেরকে NYSERDA কর্তৃক মূল্যায়নের জন্য নিজেদের ফেডারেল কনসেপ্ট পেপার জমা দিতে হবে। বাড়তি তথ্য এবং সংশ্লিষ্ট ডকুমেন্টের জন্য, NYSERDA-এর ওয়েবসাইটে ভিজিট করুন। NYSERDA এই সলিসিটেশন এবং উপযুক্ততার শর্ত সম্পর্কে বিস্তারিত তথ্য শেয়ার করার জন্য 7 জুন বিকাল 3:00টা থেকে বিকাল 4:00টা পর্যন্ত একটি ওয়েবিনার আয়োজন করবে। অনুগ্রহ করে এখানে রেজিস্ট্রেশন করুন।

নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও CEO ডোরিন এম. হ্যারিস বলেন, "এই নতুন উদ্যোগ অর্থনৈতিক উন্নয়ন, স্থায়িত্ব, ও পরিবেশগত ন্যায়বিচারকে এগিয়ে নেওয়ার জন্য উৎপাদন, প্রস্তুতকরণ ও চূড়ান্ত ব্যবহারের মধ্যে সংযোগ স্থাপনকারী একটি নির্মল হাইড্রোজেন বাস্তুসংস্থান গড়ে তোলার ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেটের নেতৃস্থানীয় ভূমিকা আরো ভালোভাবে প্রদর্শন করছে। অর্থনীতির বিদ্যুতায়ন করা কঠিন এমন খাতগুলোতে উদ্ভাবনকে উৎসাহিত করে এমন সুনির্দিষ্ট প্রযুক্তিগত চ্যালেঞ্জকে টার্গেট করা স্টেটের বিদ্যুতায়ন প্রচেষ্টায় পরিপূরক ভূমিকা পালন করবে এবং একইসাথে বাড়তি বোঝা বহন করতে হওয়া এলাকাগুলো সহ স্টেটব্যাপী নির্গমন কমিয়ে আনবে।"

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) কমিশনার বাসিল সেগোস বলেন, "হাইড্রোজেন সংক্রান্ত গবেষণা ও উন্নয়নের প্রতি মনোযোগ দেওয়া এই উল্লেখযোগ্য উদ্যোগ নিউ ইয়র্ক স্টেটে আমাদের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু এজেন্ডার অংশ হিসেবে জীবাশ্ম জ্বালানির ব্যবহার কমিয়ে আনার জন্য আমাদের প্রচেষ্টায় পরিপূরক ভূমিকা পালন করবে। গভর্নর হোকলের নেতৃত্বের অধীনে, এই সলিসিটেশন একটি নির্মল জ্বালানি অর্থনীতির দিকে আমাদের উত্তরণে সহায়তা করতে এবং

সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে সমতার প্রতি জোর দিয়ে ভবিষ্যত প্রজন্মগুলোর জন্য একটি অধিকতর নির্মল, আরো সবুজ একটি পরিবেশ নিশ্চিত করতে এবং জলবায়ু পরিবর্তন মোকাবেলা করতে 2030 সালের মধ্যে গ্রিনহাউজ গ্যাস নির্গমনের পরিমাণ 1990 সালের তুলনায় 40 শতাংশ কমিয়ে আনা এবং 2050 সালের মধ্যে 85 শতাংশ কমিয়ে আনার জন্য জলবায়ু আইনের অধীনে আমাদের আগ্রাসী লক্ষ্যসমূহ পূরণ করতে নির্মল হাইড্রোজেন নিয়ে গবেষণা ও উদ্ভাবনকে এগিয়ে নিয়ে যাবে।"

এই সলিসিটেশনের মাধ্যমে অনুদানপ্রাপ্ত প্রকল্পগুলো ভবিষ্যত হাইড্রোজেন হাব প্রকল্প বাস্তবায়নের পথ তৈরি করবে, এবং নিউ ইয়র্ক, কানেক্টিকাট, মেইন, ম্যাসাচুসেটস, নিউ জার্সি, রোড আইল্যান্ড ও ভারমন্ট সহ, NE হাব অংশীদারদের এবং 100-এরও বেশি হাইড্রোজেন বাস্তুসংস্থানের অংশীদারদের উপস্থাপন করা হাইড্রোজেন সংক্রান্ত আঞ্চলিক কর্মকৌশল শক্তিশালী করবে, যারা এপ্রিলের শুরুতে ফেডারেল অবকাঠামো ও কর্মসংস্থান আইনের আওতায় হাইড্রোজেন হাবের জন্য তহবিল চেয়ে এবং একটি আঞ্চলিক হাব হিসেবে মনোনয়নের জন্য অনুরোধ জানিয়ে যুক্তরাষ্ট্রের জ্বালানি বিভাগের (Department of Energy) কাছে জমা দেওয়া একটি প্রস্তাব প্রণয়নের জন্য সহযোগী হয়ে কাজ করেছে। এই আঞ্চলিক কর্মকৌশলের মধ্যে রয়েছে:

- **নির্মল ইলেক্ট্রোলাইটিক হাইড্রোজেন উৎপাদনকে অগ্রাধিকার দেওয়া** - ইলেকট্রোলাইজারকে নবায়নযোগ্য শক্তি যেমন সৌর ও বায়ুশক্তির সঙ্গে একীভূত করা।

- **বিদ্যুতায়ন করা কঠিন খাতগুলো ডিকার্বনাইজ করার জন্য নির্মল হাইড্রোজেনকে কাজে লাগানো** - শিল্প প্রক্রিয়ায় তাপ উৎপন্ন করাকে ডিকার্বনাইজ করার জন্য হাইড্রোজেনের প্রয়োগ, যা নিউ ইয়র্কের শিল্পখাতে মোট ব্যবহৃত তাপের 60 শতাংশেরও বেশি, বর্তমানে যেটি জীবাশ্ম জ্বালানি দহনের মাধ্যমে সরবরাহ করা হচ্ছে।
- **উত্তরপূর্ব অঞ্চলের সমৃদ্ধ উদ্ভাবন বাস্তুসংস্থানকে বৃহৎ পরিসরে বর্ধিত করা** - নিউ ইয়র্কের সত্তাগুলো ও প্রকল্পগুলোর জন্য ফেডারেল এজেন্সিগুলোর সম্প্রতি ঘোষণা করা 1 বিলিয়ন ডলারেরও বেশি একাধিক তহবিল প্রাপ্তির সুযোগ কাজে লাগানোর জন্য ব্যয় শেয়ার করা।

- **কমিউনিটির সম্পৃক্ততা, পরিবেশগত ন্যায়বিচার, বৈচিত্র্য, সমতা ও অন্তর্ভুক্তির ব্যাপারে গুরুতর মনোযোগ** - পরিবেশগত ন্যায়বিচার এবং অন্যান্য স্টেকহোল্ডার দৃষ্টিভঙ্গি এই সলিসিটেশনের মনোযোগ দেওয়ার ক্ষেত্রগুলো নির্ধারণ করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে, যার মধ্যে নবায়নযোগ্য উৎস থেকে নির্মল হাইড্রোজেন উৎপাদনে বিনিয়োগ করাকে অগ্রাধিকার দেওয়া, সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে স্থানীয় দূষণের প্রভাব প্রশমিত করার জন্য প্রয়োগক্ষেত্রগুলোর প্রতি জোর দেওয়া, এবং বিদ্যুতায়ন করা কঠিন খাতগুলোতে, যেমন উচ্চ তাপমাত্রার শিল্পখাতের প্রস্তুতকরণ প্রক্রিয়ায়, হাইড্রোজেন ব্যবহারের ফলে উৎপন্ন হওয়া নাইট্রোজেন অক্সাইড (NOx) নির্গমন নিয়ন্ত্রণ করা, ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে।

অ্যাসেম্বলি সদস্য ডিডি ব্যারেট, "স্টেটের উচ্চাকাঙ্ক্ষী CLCPA লক্ষ্যগুলো পূরণের জন্য আমাদের পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখার এই সময়েও, এই বিষয়টি স্বীকার করা গুরুত্বপূর্ণ যে এমন কিছু খাত রয়েছে যেগুলোর বিদ্যুতায়ন করা সবসময় অসম্ভব না হলেও কঠিন হবে। সেসব চ্যালেঞ্জ মোকাবেলার জন্য নিম্ন কার্বনযুক্ত জ্বালানি যেমন নির্মল হাইড্রোজেন নিয়ে কাজ করা একটি কর্মকৌশল, এবং NYSERDA-এর ঘোষণা করা এই ভবিষ্যতমুখী উদ্যোগ ডিকার্বনাইজেশন অর্জন করার ক্ষেত্রে নির্মল হাইড্রোজেনের পূর্ণাঙ্গ সম্ভাবনা আরো ভালোভাবে অনুধাবন করতে আমাদেরকে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক ব্যাটারি এন্ড এনার্জি স্টোরেজ টেকনোলজি কনসোর্টিয়াম (New York Battery and Energy Storage Technology Consortium)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর বিল অ্যাকার বলেন, "নির্মল হাইড্রোজেন নিয়ে কাজ করা NY-BEST সদস্যরা বিদ্যুৎ উৎপাদন, হেভি ডিউটি পরিবহন, এবং শিল্প খাতের ডিকার্বনাইজেশন করার পাশাপাশি স্টেটের জন্য উল্লেখযোগ্য অর্থনৈতিক চালিকা শক্তি হিসেবে ভূমিকা পালন করবে এমন একটি শিল্প গড়ে তোলার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জগুলোর সমাধান উন্নয়ন করছে। আজ NYSERDA-এর ঘোষণা করা নতুন উদ্যোগটি নির্মল হাইড্রোজেন বিষয়ক নতুন গুরুত্বপূর্ণ গবেষণা, উন্নয়ন ও প্রদর্শনমূলক প্রকল্পগুলোতে অর্থায়নে সাহায্য করবে, যা এখানে নিউ ইয়র্কে একটি শক্তিশালী নির্মল হাইড্রোজেন বাস্তুসংস্থান গড়ে তোলার জন্য আমাদের প্রচেষ্টাকে আরো সামনে এগিয়ে নিয়ে যাবে।"

সেন্টার ফর হাইড্রোজেন সেফটি (Center for Hydrogen Safety)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর নিক বারিলো বলেন, "নির্মল হাইড্রোজেন প্রকল্পের সংখ্যা বৃদ্ধি পাওয়ার সাথে সাথে এই উদ্যোগে সফলতা অর্জনের জন্য নিরাপত্তাকে অগ্রাধিকার দেওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে থাকবে। হাইড্রোজেন এবং ফুয়েল সেল প্রযুক্তির দিকে নিরাপদ ও সময়ানুগ উত্তরণের সক্ষমতা তৈরি করার জন্য এসব ক্রিয়াকলাপের সাথে জড়িত সংস্থাগুলোর জন্য সেন্টার ফর হাইড্রোজেন সেফটি এবং এটির সংস্থানসমূহ লভ্য রয়েছে। একজন সদস্য হিসেবে, NYSERDA হাইড্রোজেন সংক্রান্ত নিরাপত্তা বিষয়ক সেরা রীতিগুলো সম্পর্কে সর্বশেষ তথ্যের অ্যাক্সেস পাচ্ছে এবং একইসাথে নিউ ইয়র্ক স্টেটে হাইড্রোজেন প্রযুক্তি উন্নয়নে সহায়তা করছে।"

আজ ঘোষণা করা উদ্যোগটি 2022 সালের ডিসেম্বর মাসে অনুমোদিত হওয়া ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের (Climate Action Council) স্কোপিং প্ল্যানের সাথে সঙ্গতি বজায় রেখে গ্রহণ করা হয়েছে, যেখানে বিদ্যুতায়ন করা চ্যালেঞ্জিং হবে এমন খাতগুলো ডিকার্বনাইজেশনের গুরুত্বপূর্ণ উপায় হিসেবে নির্মল হাইড্রোজেনের মতো নিম্ন কার্বনসম্পন্ন জ্বালানির কৌশলগত ব্যবহারকে চিহ্নিত করা হয়েছে। সেইসাথে, পরিবেশগত ন্যায়বিচার এবং সুবিধাবঞ্চিত কমিউনিটি স্টেকহোল্ডার দৃষ্টিভঙ্গি এই সলিসিটেশনের চ্যালেঞ্জগুলো এবং মনোযোগ দেওয়ার ক্ষেত্রগুলো নির্ধারণ করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে, যার মধ্যে হাইড্রোজেন দহনের কারণে তৈরি হওয়া NOx নির্গমন প্রশমনের ব্যাপারে গবেষণাকে অগ্রাধিকার দেওয়া, এবং নবায়নযোগ্য উৎস থেকে নির্মল হাইড্রোজেন উৎপাদনের উপর জোর দেওয়া অন্তর্ভুক্ত রয়েছে।

এই ঘোষণা অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতা অর্জনের জন্য স্টেটের লক্ষ্য পূরণ করতে কম কার্বন নির্গমন এবং কার্বন সিকুয়েস্টারিং প্রযুক্তিগুলোকে ত্বরান্বিত করে এমন উদ্ভাবকদেরকে

সহায়তা করার জন্য গবেষণা, উন্নয়ন এবং বাণিজ্যিকীকরণে নিউ ইয়র্ক স্টেটের বিনিয়োগের সঙ্গে যোগ হচ্ছে। NYSERDA-এর এই উদ্ভাবন কর্মসূচি 10 বছরে অনুদান এবং বাণিজ্যিকীকরণ সহায়তার মাধ্যমে সরাসরি বিনিয়োগ হিসাবে 800 মিলিয়ন ডলার প্রদান করছে। 680 মিলিয়ন ডলারেরও বেশি বেসরকারি বিনিয়োগ এবং 200 মিলিয়ন ডলারেরও বেশি প্রকল্পের আর্থিক মূলধন সক্রিয় করা হয়েছে, এবং NYSERDA-এর প্রযুক্তি এবং ব্যবসায়িক উন্নয়ন বিনিয়োগের ফলস্বরূপ 450টিরও বেশি উদ্ভাবনী নির্মল বিদ্যুৎ পণ্য বাণিজ্যিকীকরণ করা হয়েছে, যার মধ্যে রয়েছে LED লাইটিং সিস্টেম, গৃহস্থালী সরঞ্জাম, আরো দীর্ঘস্থায়ী ব্যাটারি, এবং আরো দক্ষ হিটিং-ও-কুলিং সিস্টেম।

এই উদ্যোগের জন্য স্টেটের 10 বছর মেয়াদী 6 বিলিয়ন ডলারের নির্মল বিদ্যুৎ তহবিলের (Clean Energy Fund) মাধ্যমে অর্থায়ন করা হয়েছে। এই তহবিল সম্পর্কে আরো তথ্য NYSERDA-এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

নিউ ইয়র্ক স্টেটের দেশের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের দেশ-নেতৃস্থানীয় জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার কর্মসংস্থা তৈরি করে, সকল সেক্টরে একটি গ্রিন ইকোনমি গড়ে তোলাকে অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে 40 শতাংশের লক্ষ্য রেখে কমপক্ষে 35 শতাংশের পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের সুবিধাগুলো সুবিধাবঞ্চিত কমিউনিটির দিকে পরিচালিত হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও নির্মল জ্বালানি উদ্যোগগুলোর দিকনির্দেশনায়, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে শূন্য-নির্গমনসম্পন্ন বিদ্যুৎ খাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দির মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতা অর্জন করা অন্তর্ভুক্ত রয়েছে। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো নিউ ইয়র্কের অভূতপূর্ব নির্মল জ্বালানি বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 120টি বড়-মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 35 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.8 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগ। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। অংশীদারিত্বগুলো বায়ু দূষণকে লক্ষ্যবস্তু করতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য স্টেটজুড়ে প্রায় 400টি নিবন্ধিত ও 100টি সার্টিফাইড ক্লাইমেট স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটি, এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি এয়ার মনিটরিং ইনিশিয়েটিভ (community air monitoring initiative)-এর মাধ্যমে নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন